

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৮৯৬

পরিচ্ছেদঃ ১৯/৬. কিসে হজ্জ ফর্য হয়

بَابِ مَا يُوجِبُ الْحَجَّ

#### আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيَةَ، ح وَحَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ وَعَمْرُو بْنُ عَبْدِ اللَّهِ، قَالاَ حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ يَزِيدَ الْمَكِّيُّ، عَنْ مُحَمَّدِ بْنِ عَبَّادِ بْنِ جَعْفَرٍ عَبْدِ اللَّهِ، قَالاَ حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ يَزِيدَ الْمَكِّيُّ، عَنْ مُحَمَّدِ بْنِ عَبَّادِ بْنِ جَعْفَرِ الْمُخْزُومِيّ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ قَامَ رَجُلُ إِلَى النَّبِيّ ـ صلى الله عليه وسلم ـ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ مَا يُوجِبُ الْحَجَّ قَالَ " الزَّادُ وَالرَّاحِلَةُ " . قَالَ يَا رَسُولَ اللَّهِ فَمَا الْحَجُّ قَالَ " الْحَجُ قَالَ " الْعَجُ وَالتَّجُ " . قَالَ اللهِ عَلِيهِ وَمَا الْحَجُ قَالَ " الْعَجُ وَالتَّجُ " . قَالَ وَكِيعٌ يَعْنِي بِالْعَجِ الْعَجِيجَ بِالتَّلْبِيَةِ وَالثَّجُ أَنَدُرُ الْبُدُنِ .

#### বাংলা

১/২৮৯৬। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে দাঁড়িয়ে বললো, হে আল্লাহর রাসূল! কিসে হজ্জ ফর্ম হয়? তিনি বলেনঃ পাথেয় ও বাহন থাকলে। সে (পুনরায়) বললো, হে আল্লাহর রাসূল! হাজ্জী কে? তিনি বলেনঃ যার (ইহরামের কারণে) এলোমেলো কেশ এবং দুর্গন্ধ শরীর। অপর এক ব্যক্তি দাঁড়িয়ে বললো, হে আল্লাহর রাসূল! হজ্জ কী? তিনি বলেনঃ উচ্চৈস্বরে তালবিয়া পাঠ ও রক্ত প্রবাহিত (কোরবানী) করা। ওয়াকী (রহঃ)-এর মতে 'আল-'আজ্জ' অর্থ 'তালবিয়া পাঠ' এবং 'আস-সাজ্জু' অর্থ 'পশু কোরবানী করা'।

## **English**

It was narrated that Ibn 'Umar said:

"A man stood up and said to the Prophet (ﷺ): 'O Messenger of Allah! What makes Hajj obligatory?' He said: 'Provision and a mount.' He said: 'O Messenger of Allah, what is the (real) Hajj?' He said: 'The one with dishevelled hair and no perfume.' Another (man) stood up and said: 'O Messenger of Allah, what is the (real) Hajj?' He said: 'Raising one's voice and



### slaughtering the sacrificial animal."

### ফুটনোট

তিরমিয়ী ৮১৩, ইরওয়া ৯৮৮, সহীহাহ ১৫০০, আত-তালীকুর রাগীব ২/১১৯।

তাহকীক আলবানীঃ খুবই দুর্বল। উক্ত হাদিসের রাবী ইবরাহীম বিন ইয়াযীদ আল-মাক্কী সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। আবুল হাসান ইবনুল কান্তান তাকে দুর্বল বলেছেন। আবু বাকর আল-বায়যার বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু বাকর আল-বায়হাকী বলেন, তার বর্ণিত হাদিস দারা দলীল গ্রহনযোগ্য নয়। আবদুল্লাহ বিন সুলায়মান ইবনুল আশআস বলেন, তিনি হাদিস বর্ণনায় সহজ-সরল অর্থাৎ তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। আলী ইবনুল জুনায়দ বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি দুর্বল আমি তার থেকে কোন হাদিস বর্ণনা করিনি। মুহাম্মাদ বিন আবদুল্লাহ আল-মাখরামী তার হাদিস বর্জন করেছেন। মুহাম্মাদ বিন আবদুল্লাহ ইবনুল বুরাকী বলেন, তিনি মিথ্যার অভিযোগে অভিযুক্ত। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৬৭, ২/২৪২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন